রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, এপ্রিল ১, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৭ চৈত্র ১৪২৫ বঙ্গাব্দ/৩১ মার্চ ২০১৯ খ্রিষ্টাব্দ

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০৬.০০১.১৯.১০০—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার **'রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) কর্তৃক প্রণীত ডিটেইল্ড এরিয়া প্ল্যান (ড্যাপ) আরও বিশদভাবে পর্যালোচনাক্রমে চূড়ান্তকরণের নিমিত্ত মন্ত্রিসভা কমিটি'** নিম্নরূপে গঠন করেছে :

**(ক) কমিটির গঠন** :

| | | | |
|---|---|---|---|
| (১) | মন্ত্রী, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | : | আহ্বায়ক |
| (২) | মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় | : | সদস্য |
| (৩) | মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লি উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | : | সদস্য |
| (৪) | মন্ত্রী, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | : | সদস্য |
| (৫) | মন্ত্রী, ভূমি মন্ত্রণালয় | : | সদস্য |
| (৬) | প্রতিমন্ত্রী, নৌপরিবহন মন্ত্রণালয় | : | সদস্য |
| (৭) | প্রতিমন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয় | : | সদস্য |



মূল্য : টাকা ৪·০০

(খ) **সহায়তাদানকারী কর্মকর্তা :**

(১) সচিব, সেতু বিভাগ

(২) সচিব, স্থানীয় সরকার বিভাগ

(৩) সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

(৪) সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

(৫) সচিব, রেলপথ মন্ত্রণালয়

(৬) সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়

(৭) সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

(৮) সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়

(৯) সচিব, ভূমি মন্ত্রণালয়

এ কমিটিতে 'সচিব' বলতে সিনিয়র সচিব এবং ভারপ্রাপ্ত সচিবও অন্তর্ভুক্ত হবেন।

(গ) **কমিটির কার্যপরিধি :**

জনপ্রতিনিধিদের পরামর্শ, ওয়েবসাইট ও অন্যান্য মাধ্যম থেকে প্রাপ্ত মতামত এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের মতামত পর্যালোচনাক্রমে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) কর্তৃক প্রণীত ডিটেইল্ড এরিয়া প্ল্যান (ড্যাপ) চূড়ান্তকরণ।

(ঘ) কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

(ঙ) কমিটির সভা প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

(চ) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোসাম্মৎ নাসিমা বেগম
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)
ফোন: ৯৫১১০৩৬
e-mail: addl_ce@cabinet.gov.bd

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd